2000Rs.

INDIA NON JUDICIAL

२०००रु. Rs 2000

भारत

दो हजार रुपये TWO THOUSAND RUPEES

৩৫০০০.পঁয়ত্রিশ হাজার টাকা মূল্যের সাফ বিক্রয়

কোবালা পত্র –

কোবালা গ্রহীতাঃ –

শ্রী কানাই লাল ঘোষ, পিতামৃত ধনঞ্জয় ঘোষ

জাতি হিন্দু, পেশা ব্যবসা, ও নিবাস দফার,

সাং গ্রাম খালনা, থানা আমতা, জেলা হাওড়া।

কোবালা দাতা –

35 500Rs.




Narayan Ch. Acharya
Sunanda Acharya
তৃপ্তি আচার্য্য

২

দানপত্র দাতাঃ—

১। শ্রী নারায়ন চন্দ্র আচার্য্য
২। শ্রীমতী সুনন্দা আচার্য্য
৩। শ্রীমতী তৃপ্তি আচার্য্য
সকলের পিতামৃত নকুল চন্দ্র আচার্য্য
জাতি হিন্দু, পেশা ১নং এর চাকুরী
২ -৩ নং এর গৃহস্থালি, এবং বিদ্যানুশীলন,
সর্ব্ব সাকিম ১২১।৪এ, সাবুরিডৌলার গার্ডেন
রীচ রোড, খিদিরপুর, থানা ওয়াটগঞ্জ,
কলিকাতা -২৩, জেলা কলিকাতা সহর ভুক্ত
২৪ পরগনা।




৩

কলা বাঁধা, ইমারত বাটী সহ বাস্তু জমি বিক্রয়ের

সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্যাঞ্চাগে ঃ —

জেলা ২৪ পরগনা থানা বেহালা সাবরেজেষ্ট্রি

আলিপুর সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির এলাকাধীন

তৌজী নং ৯৩।১০১ পরগনে মাগুরা রং, না, নং ১৭৯ হাল এল নং ৮

200Rs.

INDIA NON JUDICIAL

२००रु.

Rs 200

भारत

दो सौ रुपया TWO HUNDRED RUPEES

৪

মৌজা সাহাপুর গ্রামে জেলা জরিদপুর নিস্কর ব্রহ্মোত্তর বলিয়া বর্ণিত রায়তি স্থিতিবান স্বত্বের ৫৪ নং খতিয়ানে লিখিত সম্পত্তি মধ্যে ৫৭০ নং দাগের -৬২ শতক বাগান বলিয়া বর্ণিত সম্পত্তি ৮০নং পুরাতন চ্যাটার্জি রোডে নিবাসী জনৈক গোষ্ট বিহারী বসু বিশ্বাসের খরিদ সূত্রে প্রাপ্ত খাস দখলী সম্পত্তি থাকে। যেনাত্র বিনা সংশ্রবে নির্বিবাদে উক্ত সম্পত্তি ভোগ দখল করিতে থাকা কালীন বিগত ইং ১৯৪৮ সালের ১২ই নভেম্বর তারিখে একমাত্র পিতা –




Narayan Chandra Acharya
Santiram Acharyya


উক্ত বন্টননামা বা পার্টিশান দলিল বেহালায় অবস্থিত আলিপুর জয়েন্ট সাবরেজিস্ট্রি অফিসের ১৯৫৩ সালের ১নংবহির ৮নং ভলুমের ১৫০নং বিরিং বা দলিল হিসাবে ১ পৃষ্ঠা হইতে ৫ পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়াছে।

উক্ত বন্টন নামা মূলে দলিল সংলগ্ন নক্সায় লাল বর্ণের রেখার দ্বারা বেষ্টিত উক্ত দাগের দক্ষিনাংশে অনুমান ১।৪.২৩ এক বিঘা নয় কাঠা তেইশ স্কোয়ার ফিট জমি ।এ। অক্ষর দ্বারা চিহ্নিত অংশ উক্ত ওয়ারেশ গণের মধ্যে শ্রী রাম চন্দ্র বসু বিশ্বাস প্রাপ্ত হয়েন । তিনি তাঁহার প্রাপ্ত উক্ত ১।৪.২৩ জমি সম্পূর্ন নির্দায় নির্দোষ অবস্থায় অন্যের বিনা সংস্রবে পৃথক ভাবে দখলকারা রুকম

Narayan Chandra Acharjee
Santosh Acharyya
সন্তোষ আচার্য্য

উক্ত বন্টননামা বা পার্টিশান দলিল বেহালার অবস্থিত আলিপুর জয়েন্ট সাবরেজেষ্ট্রি অফিসের ১৯৫৩ সালের ১নং বহির ৮নং ভলুমের ১৫০নং বিরিং বা দলিল হিসাবে ১ পৃষ্ঠা হইতে ৫ পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়াছে।

উক্ত বন্টন নামা মূলে দলিল সংলগ্ন নক্সায় লাল বর্ণের রেখার দ্বারা বেষ্টিত উক্ত দাগের দক্ষিণাংশে অনুমান ১।৪,২৩ এক বিঘা নয় কাঠা তেইশ স্কোয়ার ফিট জমি।এ। অক্ষর দ্বারা চিহ্নিত অংশ উক্ত ওয়ারেশগণের মধ্যে শ্রী রাম চন্দ্র বসু বিশ্বাস প্রাপ্ত হয়েন। তিনি তাঁহার প্রাপ্ত উক্ত ১।৪,২৩ জমি সম্পূর্ণ নির্দায় নির্দোষ অবস্থায় অন্যের বিনা সংস্রবে পুত্র ভাবে ভোগদখলে রকমে




৭

রকমে সত্বাধিকারী হইয়া ভোগ দখলকার থাকা অবস্থায় উক্ত সম্পত্তি ক্ষুদ্র ক্ষুদ্র প্লট বিভক্ত করিয়া বসবাসের উপযুক্ত জমি মধ্য হইতে রাস্তা বা কমন প্যাসেজ সৃষ্টি করিয়া বিভিন্ন প্লটে যাতায়াতের ব্যবস্থা করিয়া বিক্রয়ের জন্য মনোবনা করেন এবং উক্ত সৃষ্ট ছোট ছোট প্লট মধ্যে ৴৩৷৷৴২৮ তিন কাঠা এগার ছটাক আটাশ স্কোয়ার ফিট পরিমিত একটি প্লট জনৈক শ্রী নবদ্বীপ চন্দ্র সাহা মহাশয় খরিদ করেন ।

উক্ত দলিল

উক্ত দলিল বিগত ১৯৫৬ সালের ১৮ই নবেম্বর তারিখে উক্ত শ্রী নবদ্বীপ চন্দ্র সাহার অনুকূলে উক্ত রাম চন্দ্র বসু বিশ্বাস কর্ত্তৃক যথারীতি সম্পাদিত হইয়া বেহালাস্থিত আলিপুর জয়েন্ট সাবরেজেষ্ট্রি অফিসে রেজেষ্ট্রি হইয়া উক্ত অফিসের ১নং বহির ৩২ নং ভল্যুমে ২১২ পৃষ্ঠা হইতে ২১৫ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়া ১৯৫৩ সালের ২২৭৫ নং বিয়িং বা দলিল হিসাবে নথি ভুক্ত আছে। তদনন্তর উক্ত শ্রী নবদ্বীপ চন্দ্র সাহা উক্ত সম্পূর্ণ ৵৩॥৶২৯ তিন কাঠা এগার ছটাক আটাশ স্কোয়ার ফিট সম্পত্তি অন্যের নিরাংশে ও নিঃসত্ত্বে নিজ স্বত্ব দখল পরিচালনে সম্পূর্ণ ভাবে ভোগ দখল করিতে থাকা কালে উক্ত সম্পত্তিতে বসবাসোপযোগী গৃহাদি আরম্ভ করেন এবং অর্থের সঙ্কুলান না হওয়ায় পশ্চিম বঙ্গ সরকারের নিকট ঋন প্রাপ্তির জন্য দরখাস্ত করিলে উহা সরকারের হাউস বিলডিং লোন স্কীম ভুক্ত হইয়া আলিপুরের কালেক টারের এইচ বি ———— ১৯৫৫-৫৬ সালের ৮১ নং কেস হিসাবে নথি ভুক্ত হইয়া দরখাস্তকারীর অনুকূলে ৫০০০্ পাঁচ হাজার টাকা স্যাংসান হয় এবং বিগত ৯।১২।৫৫ তারিখে উক্ত সম্পত্তি সরকারের নিকট বন্ধক রাখিয়া উক্ত ৫০০০্ টাকা ঋন গ্রহন করিয়া উক্ত ৫০০০্ টাকা প্রাপ্ত হয়েন এবং উক্ত প্রাপ্ত টাকার সাহায্যে - তিন কামরা ইটের দেওয়াল ও ছাদ বিশিষ্ট বারান্দা সহ কামরা পাকা ঘর এবং ইটের দেওয়াল পাকা মেঝে সহ তিন কামরা ঘর বারান্দা সহ পাকা ছাদের পরিবর্তে বার্নিক্ষ টালির ছাউনি যুক্ত এবং দুইটী স্যানিটারী প্রিভি বা পায়খানা ও একটি টিউবওয়েল বাথরুম বা স্নানাগার ইলেকট্রিক ফিটিংস ইত্যাদি বসবাসের প্রয়োজন অনুযায়ী সর্ব্ব প্রকার ব্যবস্থা করিয়া উক্ত জমিতে এক খানি বাস গৃহ নির্ম্মাণ কার্য্য সমাধা করিয়া কিয়দংশে মাসিক ভাড়াটিয়া প্রজা বসাইয়া অপরাংশে নিজে বসবাসের দ্বারা ষোল আনা রকম মালিকানি স্বত্ব পরিচালনা করিয়া ভোগ দখল করিতে থাকেন । এবং স্থানীয় সাউথসুবারবন মিউনিসিপ্যালিটিতে নিজ নাম পত্তন পূর্ব্বক ধার্য্য ট্যাক্সাদি নিজ নামে আদায় দিয়া মিউনিসিপ্যালিটির

৭৩ নং শাহাপুর মেন রোড হোলডিং এবং পরবর্তী কালে উহা ৭৩ নং প্রেমিসেস হিসাবে এবং ৯নং শাহাপুর মেন রোড হোলডিং হিসাবে চিহ্নিত করিয়া ভোগ দখল করিতে থাকা কালীন নিজের ব্যবসায়ের মূলধন বিনিয়োগ বৃদ্ধি কল্পে এবং পূর্বোক্ত সরকারী দায় পরিশোধ করিবার জন্য এবং সাংসারিক অন্যান্য প্রয়োজন মিটাইবার জন্য নগদ টাকার বিশেষ প্রয়োজন হওয়ায় উক্ত নবদ্বীপ চন্দ্র সাহা উপরোক্ত সম্পত্তি নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষনা করিলে বর্ত্তমান কোবালা দাতাগনের মাতা ঠাকুরানী শ্রীমতী দিব্যবালা আচার্য্য উক্ত সম্পত্তি ২০০০০ কুড়ি হাজার টাকায় খরিদ করিবার প্রস্তাব করেন এবং উক্ত প্রস্তাব বাজারানুযায় ন্যায় সঙ্গত জ্ঞান করিয়া উক্ত নবদ্বীপ চন্দ্র সাহা গ্রহন করেন । উক্ত নবদ্বীপ চন্দ্র সাহা ধার্য্য পণ মধ্যে ৫০১ পাঁচ শত এক টাকা বায়না স্বরূপ গ্রহন করিয়া উক্ত সম্পত্তি বিক্রয়ের জন্য বিগত ১৮।১।৫৯ তারিখে উক্ত সম্পত্তি নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় করিতে এক কেতা বায়না দলিল বা চুক্তি পত্র সম্পাদন করিয়া দেন এবং পরবর্তী ৪।৩।৫৯ তারিখে সরকারী ঋন পরিশোধ কল্পে ধার্য্য পন মধ্যে বায়নার টাকা অতিরিক্ত আরো ৫৩৯৩—৭৫ পাঁচ হাজার তিনশত তিরানব্বই টাকা পঁচাত্তর নয়া পয়সা এবং উক্ত তারিখে আরো ৬০৬—২৫ ছয় শত ছয় টাকা পঁচিশ নয়া পয়সা গ্রহন করিয়া উক্ত সরকারী ঋন পরিশোধ করিয়া দিয়া এবং দেয় ট্যাক্সাদি পরিশোধ করিয়া দিয়া উক্ত বিক্রয় চুক্তি আবদ্ধ সম্পত্তি নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আনয়ন করেন এবং বিগত ইংরাজী ৪।৩।৫৯ তারিখে এক কেতা সাফ বিক্রয় কোবালা দলিল কোবালা দাতাগনের জননী শ্রীমতী দিব্য বালা আচার্য্য মহাশয়ার অনুকূলে সম্পাদন করিয়া দিয়া তাহার অনুকূলে দখল পরিত্যাগ করিয়া চিরতরে বিদায় গ্রহন করেন । উক্ত দলিল আলিপুর —

আলিপুর সাবরেজেষ্টারী অফিসের ১৯৫৯ সালের ১নং বহির ৩২নং ভল্যুমের ২১০ হইতে ২১৭নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়া ১৯৫৯ সালের ২৪৩০নং দলিল হিসাবে রেজেষ্ট্রি হইয়াছে। উক্ত শ্রীমতী দিব্য বালা আচার্য্য উক্ত দিবস হইতে উক্ত খরিদা সম্পত্তির দখল পরিচালনে মাসিক ভাড়াটিয়া প্রজা গনের নিকট মাসিক ভাড়া আদায় করতঃ আংশিক নিজ দখলে সংরক্ষিত রাখিয়া স্বামী পরিবার বর্গ সহ বসবাসের দ্বারা খাসদখলে ভোগবান ও দখলিকারিনী থাকা অবস্থায় বিগত ইং ১৭।৪।৬৫ তারিখে ১নং কোবালা দাতা শ্রী নারায়ন চন্দ্র আচার্য্য তাঁহার একমাত্র পুত্র এবং ২ ও ৩ নং কোবালা দাতা যথাক্রমে শ্রীমতী শ্যামলী আচার্য্য এবং শ্রীমতী ঝুম্পা আচার্য্য তাহার একমাত্র কন্যা স্বরূপে ওয়ারেশ রাখিয়া পরলোক গত হয়েন । তদবধি অত্র কোবালা দাতাগন উক্ত সম্পত্তি আংশিক বাসে এবং বক্রি অংশে মাসিক ভাড়াটিয়া গনের নিকট হইতে যথারীতি মৃত মাতৃদেবীর স্থলে আমাদের নামে রসিদ দিয়া মাস মাস ভাড়ার টাকা আদায় করিয়া যৌথভাবে বা এজমালে ভোগ দখল করিয়া আসিতেছি ।

বর্তমানে পারিবারিক নানা প্রকার বৈধ কারণে এবং অবিবাহিত কোবালা দাতাগনের বিবাহাদির ব্যয় নির্বাহ কল্পে টাকার বিশেষ প্রয়োজন হওয়ায় উক্ত ও নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তি নির্দায় ও নির্দোষ অবস্থায় সাফ বিক্রয়ের জন্য ঘোষনা করিলে কোবালা গ্রহিতা আপনি উক্ত সম্পত্তি নগদ মূল্যে সর্বসমেত ৩৫০০০ পঁয়ত্রিশ হাজার টাকায় খরিদ করিবার প্রস্তাব করেন । আপনার প্রস্তাবিত মূল্য বাজারোচিত সর্বোচ্চ উচিত মূল্য বিধায় আপনার প্রস্তাবে সম্মত হইয়া বিগত ৩১শে বৈশাখ ১৩৮৪ সালে ইং ১৪।৫।৭৭ তারিখে স্থিরীকৃত

মূল্য বা পন মধ্যে নগদ ৪০০১ ্ চার হাজার এক টাকা বায়না স্বরূপ গ্রহন করিয়া উক্ত সম্পত্তি আপনাকে নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় করিবার পক্ষে এক চুক্তি আবদ্ধ হইয়া এক কেতা বায়না পত্র সম্পাদন করিয়া ছিলাম। উক্ত বায়নার সর্তাদির মত আপনি উক্ত চুক্তি বদ্ধ সম্পত্তিতে কোবালা দাতা আমাদের সর্ত্ত দখলাদি সম্বন্ধে নিঃসন্দিহান হইয়া কোবালা দাতাগন আমাদিগকে কোবালা দলিল সম্পাদন করিতে অনুরোধ করিয়া নির্দ্ধারিত মূল্যের বাকি ৩০৯৯৯ ্ ত্রিশ হাজার নয় শত নিরানব্বই টাকা নগদে দলিল সম্পাদন কালীন দিতে স্বীকৃত হইয়া যথারীতি দলিল প্রস্তুত করিয়া অত্র কোবালা দলিল সম্পাদন ও রেজেস্টি করিয়া দিতে অনুরোধ করায় অদ্যকার তারিখে নিম্ন।খ। তপশীলে লিখিত মত পনের যাবতীয় ৩৫০০০ ্ পঁয়ত্রিশ হাজার টাকা বুঝিয়া পাইয়া কোবালা গ্রহিতা আপনার নাম বরাবর অত্র বিক্রয় কোবালা সহি সম্পাদন ও রেজেস্টারী করিয়া দিয়া উপরোল্লিখিত ও নিম্ন।ক। তপশীলে লিখিত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তি আপনার অনুকূলে দখল পরিত্যাগ করিয়া আমরা একেবারে এবং চিরতরে নিঃস্বত্ব হইয়া বিদায় গ্রহন করিলাম। উপরোক্ত ১৩॥১২৮ তিন কাঠা এগার ছটাক আটাশ স্কোয়ার ফিট পরিমিত বাস্তু জমি মায় তদুপরিস্থিত তিন কামরা পাকা ঘর ও সংলগ্ন বারান্দা সহ ইমারত ও তিন কামরা ইটের দেওয়াল পাকা মেঝে বারান্দা সহ রানীগঞ্জ টালির ছাউনি যুক্ত বাস গৃহ, দুইটী স্যানিটারী প্রিভি, একটি টিউবওয়েল সংশ্লিষ্ট বাথরুম বা স্নানাগার বাউণ্ডারী ওয়াল বৈদ্যুতিক ব্যবস্থা বা ফিটিংস ইত্যাদি এবং তদসংলগ্ন সন্নিহিত এবং সংশ্লিষ্ট যাবতীয় ইজমেন্ট স্বত্ব দখলের অধিকার মায় উক্ত সম্পত্তির উত্তর ও দক্ষিণ দিকে অবস্থিত যথাক্রমে ৪ ফুট ও ৮ ফুট প্রসস্ত কমন প্যাসেজ ব্যবহারের যাবতীয় অধিকার যথা যাতায়াতের স্বাধীনতা –

ড্রেন পরিচালনের অধিকার বৈদ্যুতিক শক্তি পাইবার তার লইবার অধিকার, কোন কেবল লইবার অধিকার জলের পাইপ মূল মিউনিসিপ্যাল রাস্তা হইতে উক্ত সম্পত্তিতে জল প্রদানের জন্য প্রয়োজনীয় পাইপ লাইন ইত্যাদিতে আমাদের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব হক হকিয়ত দাবী দাওয়া দখল অধিকার ছিল তাহা এবং তদ সমুদয় অদ্যকার তারিখ হইতে চিরতরে ধ্বংস ও বিলুপ্ত হইয়া আপনাতে বর্তিল। আপনি উক্ত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্ব দখলঅধিকারে স্বত্বাধিকারী দখলকারী এবং অধিকারী হইয়া দানবিক্রয় বন্ধক ইত্যাদি যাবতীয় হস্তান্তরের ক্ষমতায় ক্ষমতাবান হইয়া পুত্র পৌত্রাদি ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গন ক্রমে চিরকাল পরম সুখে নির্বিবাদে অন্যের বিনা প্রতিবন্ধকতায় বোন আনা স্বত্বে মালিক স্বরূপে নির্ব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমরা আর আমাদের ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গন ক্রমে কেহ কস্মিন কালে কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না, করিলেও তাহা সর্বত্র সর্বতো ভাবে বাতিল ও নামঞ্জুর বলিয়া পরিগনিত হইবে। বিক্রিত সম্পত্তিতে মালিক সরকারে এবং মিউনিসিপ্যালিটিতে অত্র দলিল বলে আমাদের বা আমাদের পূর্বাধিকারীর নাম স্থলে আপনার নিজ নাম পত্তন পূর্বকনিজ নামে ধার্য্য খাজনা ট্যাক্স চার্জাদি আপনার নামে আদি প্রদান করিবেন। তাহা একমাত্র অর্থ সাহায্য ছাড়া আমাদের কোনরূপ সহায়তার প্রয়োজন হইলে তাহাও তদ সমুদয় আপনাকে বিনা ওজর আপত্তিতে করিতে বাধ্য রহিলাম।

আমরা এতদ্বারা প্রকাশ ও প্রচার করিতেছি যে উক্ত সম্পত্তি আমরা ইতিপূর্বে রূ কাহাকেও দান বিক্রয় হস্তান্তর লিজ বা চার্জ্জ বন্ধক ইত্যাদি কোনরূপ দায় সংযুক্ত কি

দেবু

করি নাই বা করিবার পক্ষে চুক্তি আবদ্ধ হই নাই । বর্তমানে উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে এবং সেই অবস্থাতেই আপনাকে বিক্রয় করিলাম ও দখল দিলাম। উক্ত সম্পত্তি সরকারী বা কোন পাবলিক বডি কর্তৃক হুকুম দখল অথবা একুইজিশন এর আওতায় আসে নাই বা আসিবার পক্ষে কোন নোটিশ জারি হয় নাই । উহা কোন [illegible] আদালতের কোন মামলা মোকদ্দমায় জড়িত নাই বা কাহারো জামিনীতে খোর পোষের দাবীতে আবদ্ধ হয় নাই । অদ্যকার তারিখ পর্য্যন্ত কোবালা দাতা গন আমরাই উহাতে এক ষোলআনা রকম মালিক স্বত্বাধিকারী ও কাবিজ আছি। বা ছিলাম। বিক্রিত সম্পত্তিতে কোন শরিক বা অংশীদার নাই, উক্ত সম্পত্তি সম্পূর্ন হস্তান্তর ক্ষমতা অত্র বিক্রয় কালতক আমাদের বর্তমান ছিল । যদি ভবিষ্যতে আমাদের উপরোক্ত উক্তি সমূহ বা তাহার যে কোনটি মিথ্যা ও দুরভিসন্ধি বলিয়া প্রমানিত হয় বা প্রকাশ পায় তাহা হইলে আমরা মাফিক আইন আমলে আসিব এবং ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গন ক্রমে আপনাকে ক্ষতি পুরন করিতে বাধ্য থাকিলাম এবং পনের যাবতীয় টাকা সুদ সহ আপনাকে ফেরত দিতে বাধ্য রহিলাম। কোন কারনে অত্র দলিলে কোন ভুল চুক প্রকাশ পাইলে আপনার খরচায় তাহা সংশোধন বা ত্রুটি মুক্ত করিয়া সংশোধনী দলিল অথবা ক্রোড় পত্র অথবা যে কোন প্রকার দলিল সম্পাদন করিয়া তাহা সংশোধন করিয়া দিতে আমরা সহ ওয়ারেশান ও স্থলাভিষিক্ত গন ক্রমে বাধ্য রহিলাম।

আরও প্রকাশ থাকে যে বিক্রিত সম্পত্তি উপরোক্ত দুই কামরা শয়ন গৃহ আমাদের খাস দখলে আছে তাহাতে আপনাকে খাস দখল দিলাম এবং বাকি অংশে দুই খানা ঘর মাসিক ভাড়াটিয়া প্রজা যথা জনৈক শ্রী চিত্ত রঞ্জন দাস গুপ্ত তিন কামরা ঘর মাসিক ১৫০, টাকা ভাড়ায় এবং জনৈক শ্রী গৌর নারায়ন সাহা ১ এক কামরা ঘর মাসিক ৫০, টাকা ভাড়ায় ভোগদখল করিতেছেন, অদ্যকার তারিখ হইতে তাহারা আমাদে

স্থলে আপনাকে মালিক গন্যে প্রজা স্বীকার করিয়া লইলেন । তদ্দরুন আপনাকে লইয়া তাহাদের পরিচয় করিয়া দিলাম এবং তাহারাও স্বীকার করিয়া লইয়াছে। তৎসূত্রে ও আমি তাহাদের লেটার অব এটোর্নমেন্ট দ্বারা জানাইয়া দিলাম।

এতদার্থে সুস্থ শরীরে স্বজ্ঞানে অন্যের বিনানুরোধেঅত্র দলিলের মম সম্যক অবগত থাকিয়া আপনার নিকট হইতে পনের সমুদয় টাকা নিম্ন মার মত নগদ – বুঝিয়া পাইয়া ও উহার প্রাপ্তি স্বীকারে স্বেচ্ছায় সরলন্তঃকরণে আপনার নাম বরাবর অত্রনিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা যথারীতি লিখিত পঠিত ও সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তাং ইং ১৯৭৮ সালের ৯০২ ফেব্রুয়ারী । বাংলা ১৩৮৪ সালের ২।১০।

৫।১৩। ।

।ক। তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় –

জেলা ২৪ পরগনা সাবরেজেস্টারী আলিপুর থানা বেহালা মৌজা সাহাপুর গ্রামে গত সার্ভে সেটেলমেন্টের জে এল নং ৮, রে, সা,নং ১৭৯ আলিপুর ২৪ পরগনা কালেক্টারির ৯৩ ও ১০১ নং তৌজী ভুক্ত ৫৪নং খতিয়ানে লিখিত হাল মালিক / পশ্চিম বঙ্গ সরকারের পক্ষে ২৪ পরগনার কালেকটারবাহাদুরের অধীন ও সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির ৭৩নং সাহাপুর মেন রোড হাল ৯।১ নং লক্ষ্মন ব্যানার্জি রোড হোলডিং ভুক্ত নিস্কর ব্রহ্মোত্তর রায়তি স্থিতিবান স্বত্বীয় ৫৭০ নং পাঁচ শত সত্তর নং দাগের ০৬২ শতক বাগান জমির মধ্যে আমার খরিদা মাপ সুরত /৩।।/২৮ তিন কাঠা এগারো ছটাক আটাশ স্কোয়ার ফিট জমি মায় তদুপরিস্থিত আমার নিজ অর্থেনির্মিত তিন কামরা ইটের দেওয়াল যুক্ত ও পাকা ছাদ যুক্ত ও বারান্দা ঘর এবং তিন কামরা ইটের দেওয়াল যুক্ত ও রানীগঞ্জ টালীর ছাউনি বিশিষ্ট ঘর ও বারান্দা দুইটী স্যানিটারী প্রিভি একটি টিউবওয়েল বাথরুমবাউণ্ডারী ওয়াল ইলেকট্রিক ফিটিংস মায় যাবতীয় আওলাতাদি ও সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি মায় উক্ত জমির

Narayan Ch. ...
Santwana Acharyya
শ্রী সান্ত্বনা আচার্য্য

উত্তর ও দক্ষিণ দিকে অবস্থিত যথাক্রমে ৪ চার ফুট ও ৮ আট ফিট প্রশস্ত কমন প্যাসেজ দ্বয়ের উপর যাতায়াতের যাবতীয় স্বত্ব সহ ইলেকট্রিক ইনস্টলেশন টেলিফোন লাইন ওয়াটার পাইপ সিউয়ারেজ কানেকসন ইত্যাদি লইয়া যাইবার স্বত্বসহ সর্ব্ব প্রকার পাইপ লে করিবার স্বত্ব সমেত সহ সর্ব্ব প্রকার ইজমেন্ট স্বত্বাদি পরিচালনের স্বত্বসহ গত ইং ১৮।১১।১৯৫৩ তারিখের সম্পাদিত ও রেজেস্ট্রি কৃত কোবালা দলিল মূলে অর্জিত যাবতীয় স্বত্ব সমেত বিক্রিত সম্পত্তির মালিক বিক্রেতা নং ১ ও ৭ হইতেছে। চৌহদ্দি –

উত্তর – শ্রীমতী নির্মলা বসু বিশ্বাসের খালি জমি ও চার ফুট কমন প্রশস্ত কমন প্যাসেজ।

পূর্ব্ব – শ্রী রাম চন্দ্রবসু বিশ্বাসের জমি ও কমন ড্রেন ও পরে অসিত চন্দ্র পাত্রের জমি বর্তমানে কমন ড্রেন ও পরে অসিত চন্দ্র পাত্রের জমি।

দক্ষিণ – ৮আট ফুট প্রশস্ত কমন প্যাসেজ।

পশ্চিম – শ্রীমতী দূর্গারানী ঘোষের খরিদা জমি।

টাকার জায়

বায়না লওয়া ১৪।৫।৭৭ তারিখে – – – – – ৪০০১ টাকা
অদ্য পনের বক্রি রোক প্রদত্ত –– – ৩০৯৯৯ টাকা

মোট ৩৫০০০ টাকা –
মং পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র।

ইসাদি

Narayan Ch. ...
Santwana Acharyya
শ্রী সান্ত্বনা আচার্য্য

Sri Asok K. Banerji
101/1 Netaji Subhas Rd
Cal- 34.

Pasupati Nath ...
... Cal. 26

টাইপ কারক
S. Mazumdar
শ্রী সুকুমার মজুমদার
আলিপুর জজ কোর্ট –